

এসো এসো ফিরে এসো, বঁধু হে ফিরে এসো ।
 আমার ক্ষুধিত তৃষিত তাপিত চিত, নাথ হে, ফিরে এসো ।
 ওহে নিষ্ঠুর, ফিরে এসো,
 আমার করুণকোমল এসো,
 আমার সজলজলদস্নিগ্ধকান্ত সুন্দর ফিরে এসো,
 আমার নিতিসুখ ফিরে এসো,
 আমার চিরদুখ ফিরে এসো ।
 আমার সবসুখদুখমহনধন অন্তরে ফিরে এসো ।
 আমার চিরবাঞ্ছিত এসো,
 আমার চিতসঞ্চিত এসো,
 ওহে চঞ্চল, হে চিরন্তন, ভুজ- বন্ধনে ফিরে এসো ।
 আমার বক্ষে ফিরিয়া এসো,
 আমার চক্ষে ফিরিয়া এসো,
 আমার শয়নে স্বপনে বসনে ভূষণে নিখিল ভুবনে এসো ।
 আমার মুখের হাসিতে এসো,
 আমার চোখের সলিলে এসো,
 আমার আদরে আমার ছলনে আমার অভিমানে ফিরে এসো ।
 আমার সকল স্মরণে এসো,
 আমার সকল ভরমে এসো,
 আমার ধরম-করম-সোহাগ-শরম-জনম-মরণে এসো ॥

Parjaay: Prem (252), Taal: Dadra, Style: Bhairavi-Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail